



কোরবানির ঈদে একদিন ছুটি ঘোষণা শুভেন্দু সরকারের



শুভেন্দু সরকার। ছবি: সংগৃহীত

ভারতের পশ্চিমবঙ্গে এবার ঈদুল আজহার সরকারি ছুটি কমানো হয়েছে। আগে যেখানে টানা দুই দিনের ছুটি ছিল, সেখানে নতুন সিদ্ধান্ত অনুযায়ী এবার মাত্র একদিন ছুটি ঘোষণা করেছে বিজেপি সরকার।

রাজ্যের প্রশাসনিক সদরদপ্তর নবান্ন থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, চাঁদ দেখার ভিত্তিতে ঈদুল আজহার সম্ভাব্য তারিখ পরিবর্তন হওয়ায় ছুটির সূচিও সংশোধন করা হয়েছে। নতুন সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৮ মে (বৃহস্পতিবার) শুধু ওই দিনই সরকারি ছুটি থাকবে।

এর আগে ২০২৫ সালের নভেম্বরে প্রকাশিত ছুটির তালিকায় ২৬ ও ২৭ মে ঈদুল আজহা উপলক্ষে দুই দিনের ছুটি ঘোষণা করা হয়েছিল। তবে নতুন বিজ্ঞপ্তিতে আগের সেই ছুটি বাতিল করে দিন দুটিকে সাধারণ কর্মদিবস হিসেবে ঘোষণা করা হয়েছে।

পশ্চিমবঙ্গে তৃণমূল কংগ্রেস সরকারের সময় কোরবানির ঈদে সাধারণত দুই দিনের ছুটি দেওয়া হতো। কিন্তু সাম্প্রতিক বিধানসভা নির্বাচনে বিজেপি সংখ্যাগরিষ্ঠতা নিয়ে সরকার গঠনের পর নতুন প্রশাসনের এ সিদ্ধান্ত নিয়ে রাজনৈতিক অঙ্গনে আলোচনা শুরু হয়েছে।

রাজ্যের নতুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে এবারই প্রথম পশ্চিমবঙ্গে সরকার গঠন করেছে বিজেপি। নির্বাচনে দলটি ২০৭টি আসনে জয় পায়, আর তৃণমূল কংগ্রেস পায় ৮০টি আসন।

সূত্র: আনন্দবাজার পত্রিকা